

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩০৬

২৩/ আহার ও তার শিষ্টাচার (کتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/২৭. গোশত

بَابِ اللَّحْم

আরবী

حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا يَحْيَى بْنُ صَالِحٍ، حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ عَطَاءٍ الْجَوْرَيُّ، حَدَّثَنَا مَسْلَمَةُ بْنُ عَبْدِ اللَّهِ الْجُهَنِيُّ، عَنْ عَمِّهِ أَبِي مَشْجَعَةَ، عَنْ أَبِي الدَّرْدَاءِ، قَالْ مَا دُعِيَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ إِلَى لَحْمٍ قَطُّ إِلاَّ أَجَابَ وَلاَ أُهْدِيَ لَهُ لَحْمٌ قَطُّ إِلاَّ قَبِلَهُ .

বাংলা

২/৩৩০৬। আবৃ দারদা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে যখনই মাংস খাওয়ার দাওয়াত দেয়া হয়েছে তখনই তিনি তাতে সাড়া দিয়েছেন এবং যখনই তাকে মাংস উপটৌকন দেয়া হয়েছে, তিনি তা কবুল করেছেন।

English

It was narrated that Abu Darda' said:

"The Messenger of Allah (ﷺ) was never invited to eat meat but he would respond, and he was never offered meat as a gift but he would accept it."

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ৩৭২৪।

তাহকীক আলবানীঃ খুবই দুর্বল। উক্ত হাদিসের রাবী সুলায়মান বিন আতা আল-জায়লী সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিস সংরক্ষিত নয়। আবু যুরআহ আর-রাযী ও ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি কুফরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। ইবনু ইরাক বলেন, তিনি জাল



(বানোয়াট) হাদিস বর্ণনার অভিযোগে অভিযুক্ত। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ২৫৫০, ১২/৪৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবুদ দারদা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন